

# **া** সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২৩০

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৭৯. মুসাফির কখন পূর্ণ সালাত আদায় করবে?

باب مَتَى يُتِمُّ الْمُسَافِرُ

### আরবী

حَدَّ ثَنَا مُحَمَّدُ بْنُ الْعَلَاءِ، وَعُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، \_ الْمَعْنَى وَاحِدٌ \_ قَالَا حَدَّثَنَا حَفْصٌ، عَنْ عِكْرِمَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم أَقَامَ سَبْعَ عَشْرَةَ بِمَكَّةَ يَقْصُرُ الصَّلَاةَ . قَالَ ابْنُ عَبَّاسٍ : وَمَنْ أَقَامَ سَبْعَ عَشْرَةَ قَصَرَ وَمَنْ أَقَامَ سَبْعَ عَشْرَةَ قَصَرَ وَمَنْ أَقَامَ أَكْثَرَ أَتَمَّ . قَالَ أَبُو دَاوُدَ قَالَ عَبَّادُ بْنُ مَنْصُورٍ عَنْ عِكْرِمَةَ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ : أَقَامَ سَعْ عَشْرَةَ . قَالَ أَبُو دَاوُدَ قَالَ عَبَّادُ بْنُ مَنْصُورٍ عَنْ عِكْرِمَةَ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ : أَقَامَ سَعْ عَشْرَةً .

\_ صحيح : خ بلفظ : (تسع عشر) ... و هو الأرجح، و هو االاتي بعده

#### বাংলা

১২৩০। ইবনু 'আব্বাস (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কায় সতের দিন অবস্থানকালে সালাতকে ক্ষসর করেছেন। ইবনু 'আব্বাস রাযিয়াল্লাহু 'আনহুমা বলেন, কোন ব্যক্তি কোথাও সতের দিন অবস্থান করলে তাকে সালাত ক্ষসর করতে হবে। এর চেয়ে বেশি দিন অবস্থান করলে, সে সালাত পুরো আদায় করবে।[1]

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, ইবনু 'আব্বাস রাযিয়াল্লাহু 'আনহুমা সূত্রে অন্য বর্ণনায় রয়েছে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উনিশ দিন অবস্থান করেছেন।

সহীহ : বুখারী এ শব্দে : (উনিশ দিন ...) আর এটাই অধিক গ্রহণযোগ্য।

## **English**

#### Narrated Abdullah ibn Abbas:



The Messenger of Allah (ﷺ) had a stop of seventeen days in Mecca and he shortened the prayer (i.e. prayed two rak'ahs at each time of prayer). Ibn Abbas said: He who stays seventeen days should shorten the prayer; and who stays more than that should offer complete prayer.

Abu Dawud said: The other version transmitted by Ibn 'Abbas through a different chain adds: He (the Prophet) had a stop of nineteen days (in Mecca).

### ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : সালাত ক্বাসর করা, অনুঃ ক্বাসর সম্পর্কে, হাঃ ১০৮০), তিরমিয়ী (অধ্যায় : সালাত, অনুঃ কতটুকু ক্বাসর করবে, হাঃ ৫৪৯, ইমাম তিরমিয়ী বলেন, এ হাদীসটি গরীব হাসান ও সহীহ), ইবনু মাজাহ (অধ্যায় : সালাত ক্বায়িম, অনুঃ মুসাফির কোন জনবসতিতে অবস্থান করলে কতদিন সালাত ক্বাসর করবে, ১০৭৫), আহমাদ (১/২২৩), ইবনু খুযাইমাহ (হাঃ ৯৫৫) সকলে 'আসিম হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন